দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 SEP 2015
পৃষ্ঠা ৫ কলাম ১-৩

# ঢাবিতে মধ্যরাতে আড্ডা দেয়ার সময় ২ বন্ধুসহ ছাত্রী লাঞ্ছিত

## ৩ ছাত্রলীগ কর্মী আটক

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

মধ্যরাতে দুই বন্ধুর সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আড্ডা দেয়ার সময় লাঞ্ছিত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের এক ছাত্রী। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে ৩ ছাত্রলীগ কর্মীকে আটক করে শাহবাগ থানা পুলিশের নিকট হস্তান্তর করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। মঙ্গলবার দিবাগত রাত দেড়টায় বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় এ ঘটনা ঘটে। শাহবাগ থানার ডিউটি অফিসার নাজমুল গতকাল বুধবার সন্ধ্যায় এ তথ্য জানান।

আটক ৩ ছাত্রলীগ কর্মী হলেন— ফলিত গণিত বিভাগের প্রথম বর্ষের ছাত্র রাতুল হাসান নাঈম, প্রাণিবিদ্যা বিভাগের প্রথম বর্ষের ছাত্র মো. আমিরুল ইসলাম, পরিসংখ্যান বিভাগের প্রথম বর্ষের ছাত্র মো. নাজমুস সাকিব। তারা সবাই বিশ্বদ্যিালয়ের একুশে হলের ছাত্র এবং ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় বলে হল সূত্রে জানা গেছে। তবে ছাত্রলীগের পক্ষ থেকে বিষয়টি অস্বীকার করা হয়েছে।

**ঢাবির ২ ক্যান্টিন বয় আটক ছাত্রলীগ নেতা বহিষ্কার**

বান্ধবীকে ধর্ষণের ভয় দেখিয়ে সোহরাওয়ার্দী উদ্যান থেকে এক চাকরিজীবীর কাছ থেকে মুক্তিপণ আদায়ের ঘটনায় জড়িত থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২ ক্যান্টিন বয়কে আটক করেছে মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার গভীর রাতে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন—সোহেল ও হাবিব। এদের একজন ঢাবির সূর্যসেন এবং অপরজন বঙ্গবন্ধু হলে ক্যান্টিনে কাজ করত। এ নিয়ে ওই ঘটনায় মোট ৪ জনকে আটক করা হয়েছে বলে গতকাল বুধবার সন্ধ্যায় শাহবাগ থানার ওসি আবু বক্কর সিদ্দিক জানান।